২০২৫

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ (GE)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-1

(নাটকের রূপভেদ, বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

[CBCS]

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) লেবেদেফ প্রতিষ্ঠিত থিয়েটারের নাম কী? এখানে প্রথম কোন্ নাটক অভিনীত হয়?

খ) কার, কোন্ নাটকের মধ্য দিয়ে বেলগাছিয়া নাট্যশালার সূচনা হয়?

গ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি কমেডি নাটকের নাম লেখো।

ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের বেশিরভাগ ঐতিহাসিক নাটকের বিষয় কী ছিল?

ঙ) 'কমেডি' শব্দটির উৎস ও উৎসগত অর্থ লেখো।

চ) কে কবে বেঙ্গলী থিয়েটার প্রতিষ্ঠা করেন?

ছ) 'দেশের লোকের প্রথম যাত্রার দিন আজ'— এই দিনে কে কে বেরোবেন?

জ) 'নীল দর্পণ' নাটকের ইংরেজি অনুবাদকের নাম কী? এই অনুবাদ কে প্রকাশ করেন?

[পরপৃষ্ঠায়]

ঝ) জোড়াসাঁকো নাট্যশালায় অভিনীত 'অলীকবাবু' নাটকটির রচয়িতা কে? নাটকটি কবে প্রকাশিত হয়?

ঞ) 'নীলের দাদন ধোপার ভ্যালা'— কথার অর্থ কী?

ট) জোড়াসাঁকো থিয়েটারে অভিনীত দুটি নাটকের নাম লেখো।

ঠ) 'নীলদর্পণ' নাটকটি কবে কোথায় প্রথম অভিনীত হয়?

ড) প্রকাশকাল সহ গিরিশচন্দ্র ঘোষ রচিত দুটি সামাজিক নাটকের নাম লেখো।

ঢ) 'রথের রশি' কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

ণ) "ওই যে, পথের বুক জুড়ে পড়ে আছে তার অসাড় দড়িটা।" কার উক্তি? 'অসাড় দড়িটা' আসলে কী?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ট্রাজেডি ও কমেডির পার্থক্যগুলি উল্লেখ করো। ৫

খ) 'নীলদর্পণ' নাটকে পদীময়রাণী চরিত্রের উপযোগিতা বিচার করো।

গ) একটি সার্থক একাঙ্ক নাটক আলোচনা করে এ জাতীয় নাটকের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

ঘ) 'রথের রশি' নাটকে কবি চরিত্রের ভূমিকা স্পষ্ট করো।

ঙ) প্রহসন কাকে বলে? প্রহসনের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো। ২+৩=৫

চ) 'নীলদর্পণ' নাটকের ঐতিহাসিক গুরুত্ব বিশ্লেষণ করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ন্যাশনাল থিয়েটার বাংলা নাট্যশালার ইতিহাসে কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে দেখাও।

খ) রূপক সাংকেতিক নাটক হিসাবে 'রথের রশি' নাটকের সার্থকতা বিচার করো।

গ) বাংলা নাট্যশালার ইতিহাসে জোড়াসাঁকো নাট্যশালার গুরুত্ব বিচার করো।

ঘ) পৌরাণিক নাটক কাকে বলে? এই শ্রেণির নাটকের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ ব্যাখ্যা কর। ২+৮=১০

———————